কালের কণ্ঠ

তারিখ · 20 DEC 2017
পৃষ্ঠা ... ৬ ... কলাম ...

# জাতীয় পতাকার আদলে কেক, শিক্ষামন্ত্রী বিব্রত

**নিজস্ব প্রতিবেদক ▷**

জাতীয় পতাকার আদলে কেক বানিয়ে তা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে দিয়ে কাটানোর চেষ্টা করা হয়। কিন্তু ক্ষুব্ধ মন্ত্রী সেই কেক না কেটেই অনুষ্ঠানস্থল ত্যাগ করেন। গত সোমবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে শিক্ষা মন্ত্রণালয় বিজয় দিবস উদ্‌যাপন অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠান শেষে রাতে এই কেক কাটার আয়োজন করা হয়। নাম প্রকাশ না করে অনুষ্ঠানস্থলে উপস্থিত একাধিক কর্মকর্তা জানান, আলোচনাসভা শেষে আপ্যায়নের ব্যবস্থা ছিল। কিন্তু আপ্যায়নের আগে মন্ত্রীর সামনে কেক নিয়ে হাজির হন মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদপ্তরের কয়েকজন কর্মকর্তা। হুবহু জাতীয় পতাকার আদলে বানানো হয় কেকটি। তখন মন্ত্রী প্রচণ্ড ক্ষুব্ধ হয়ে বলেন, 'আমি কী জাতীয় পতাকা কাটব?' সঙ্গে সঙ্গে কেকটি সরিয়ে ফেলার নির্দেশ দেন মন্ত্রী।

কারা এই কাণ্ডজ্ঞানহীন কাজ করল তাদের শাস্তি দিতে তদন্ত কমিটি করা হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা।